# আরএফকিউ বিজ্ঞপ্তি

স্মারক: ২৮.১৩.০০০০.০০০.৫৯৬.০১.০০০১.২৫

তারিখ: ১১/০৯/২০২৫ খ্রি.

| | |
|---|---|
| কাজের নাম | উপব্যবস্থাপনা পরিচালক-নারায়ণগঞ্জ এর অধীন আঞ্চলিক কন্সট্রাকশন বিভাগ-নারায়ণগঞ্জের এর আওতাধীন পাইপলাইন এন্ড স্টেশন কন্সট্রাকশন শাখার দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য ০১ (এক) টি মাইক্রোবাস ভাড়া করণ। |
| কোটেশন বিতরণ ও গ্রহণের স্থান | উপমহাব্যবস্থাপক (আঞ্চলিক কন্সট্রাকশন বিভাগ-নারায়ণগঞ্জ) এর দপ্তর,<br>উপব্যবস্থাপনা পরিচালক (নারায়ণগঞ্জ) এর কার্যালয়,<br>২০৮/১৭, ভাষা সৈনিক রোড, চাষাড়া, নারায়ণগঞ্জ। |
| কোটেশন বিতরণের তারিখ ও সময় | ১৪/০৯/২০২৫ খ্রি. তারিখ; সকাল ১০.০০ ঘটিকা থেকে ১৭/০৯/২০২৫ খ্রি. তারিখ; বেলা ১২.৩০ ঘটিকা। |
| কোটেশন জমাদানের সর্বশেষ তারিখ ও সময় | ১৭/০৯/২০২৫ খ্রি. তারিখ; বিকাল ০৩.৩০ ঘটিকা। |
| **কোটেশন আহবানকারী কর্মকর্তা** | |
| নাম | প্রকৌ. মো. সাইফুল ইসলাম |
| পদবী | উপমহাব্যবস্থাপক (আঞ্চলিক কন্সট্রাকশন বিভাগ-নারায়ণগঞ্জ) |
| ঠিকানা | তিতাস গ্যাস টিএন্ডডি পিএলসি<br>উপব্যবস্থাপনা পরিচালক (নারায়ণগঞ্জ) এর কার্যালয়,<br>২০৮/১৭, ভাষা সৈনিক রোড, চাষাড়া, নারায়ণগঞ্জ। |
| মোবাইল | ০১৯৫২-২৭৭৪১৪ |
| ইমেইল | rcd.narayanganj@titasgas.org.bd |

11.9.25

প্রকৌ. মো. সাইফুল ইসলাম
উপমহাব্যবস্থাপক
আঞ্চলিক কন্সট্রাকশন বিভাগ (নারায়ণগঞ্জ)
তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি

CamScanner

# তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্টিবিউশন পিএলসি

**কোটেশনের মাধ্যমে ভৌত সেবা ক্রয়ের অনুরোধ জ্ঞাপন দলিল (এসআরএফকিউ)**
**(অভ্যন্তরীণ ক্রয়)**

[উপব্যবস্থাপনা পরিচালক-নারায়ণগঞ্জ এর অধীন আঞ্চলিক কন্সট্রাকশন বিভাগ- নারায়ণগঞ্জ এর আওতাধীন পাইপলাইন এন্ড স্টেশন কন্সট্রাকশন শাখার দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য ০১ (এক)টি মাইক্রোবাস ভাড়া করণ]

**আঞ্চলিক কন্সট্রাকশন বিভাগ - নারায়ণগঞ্জ**
উপব্যবস্থাপনা পরিচালক-নারায়ণগঞ্জ কার্যালয়, ২০৮/১৭, ভাষা সৈনিক রোড, বালুর মাঠ, চাষাড়া, নারায়ণগঞ্জ

---

সেপ্টেম্বর-২০২৫ | পি ডব্লিউ-১ (এসআরএফকিউ)


CamScanner

# তিতাস গ্যাস টি এন্ড ডি পিএলসি

উপমহাব্যবস্থাপক (আঞ্চলিক কন্সট্রাকশন বিভাগ- নারায়ণগঞ্জ)

উপব্যবস্থাপনা পরিচালক-নারায়ণগঞ্জ কার্যালয়, ২০৮/১৭ ভাষা সৈনিক রোড, বালুর মাঠ, চাষাড়া, নারায়ণগঞ্জ।

আঞ্চলিক কন্সট্রাকশন বিভাগ- নারায়ণগঞ্জ এর আওতাধীন পাইপলাইন এন্ড স্টেশন কন্সট্রাকশন শাখার দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য ০১ (এক) টি এসি মাইক্রোবাস ভাড়ায় সরবরাহের জন্য কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন দলিল।

তারিখ: ১১/০৯/২০২৫ খ্রি.

কোটেশন নম্বর : ২৮.১৩.০০০০.০০০.৫৯৬.০১.০০০১.২৫

______________________

প্রতি

[সম্ভাব্য দরপত্রদাতার নাম ও ঠিকানা লিখুন]

১। উপমহাব্যবস্থাপক, আঞ্চলিক কন্সট্রাকশন বিভাগ-নারায়ণগঞ্জ এর অনুকূলে সরকারি তহবিল বরাদ্দ করা হইয়াছে এবং তিনি জারীকৃত কোটেশন দলিল অনুসারে সম্পাদিত চুক্তির অধীন প্রাপ্য অর্থ পরিশোধের জন্য উক্ত তহবিলের একটি অংশ ব্যয় করিতে ইচ্ছুক।

২। দরপত্রদাতাগণ ১৪/০৯/২০২৫ খ্রি. তারিখ হতে ১৭/০৯/২০২৫ খ্রি. তারিখ বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত ক্রয়কারীর অফিসে অভীষ্ট কার্য ও ভৌতসেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন ও নকশা পরিদর্শন করিতে পারিবে।

৩। "কোটেশন দলিল" ব্যবহার ব্যবহার করিয়া কোটেশন প্রস্তুত ও দাখিল করিতে হইবে।

৪। কোটেশন যথাযথভাবে প্রস্তুতপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা যথাযথভাবে তারিখসহ স্বাক্ষর করাইয়া নিম্নের ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বানকারীর দপ্তরে দাখিল করিতে হইবে।

৫। কোটেশন দাখিল এবং ভৌত সেবা সরবরাহে কোনো জামানত যেমন, কোটেশন জামানত (অর্থাৎ প্রচলিত অর্থে অগ্রিম মূল্য, দরপত্র জামানত) এবং কার্য-সম্পাদন জামানতের প্রয়োজন হইবে না।

৬। সিলমোহরকৃত খাম ১৭/০৯/২০২৫ খ্রি. তারিখ, বিকাল ৩.৩০ ঘটিকা বা ইহার পূর্বে কোটেশন নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে দাখিল করিতে হইবে। কোটেশন সংবলিত খামে "আঞ্চলিক কন্সট্রাকশন বিভাগ নারায়ণগঞ্জ এর আওতাধীন পাইপলাইন এন্ড স্টেশন কন্সট্রাকশন শাখার দাপ্তরিক কাজে ব্যহারের লক্ষ্যে ০১ (এক) টি এসি মাইক্রোবাস ভাড়ায় সরবরাহ করণ" এর জন্য কোটেশন এবং ১৭/০৯/২০২৫ খ্রি. তারিখ, বিকাল ৩.৩০ ঘটিকা এর পূর্বে খোলা যাইবে না" লিখিয়া অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করিতে হইবে। নির্ধারিত বা উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হইবে না।

৭। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭১ (8) উদ্দেশ্য পূরণকল্পে ক্রয়কারী গ্রহণযোগ্য ও যৌক্তিক কারণে কোটেশন দাখিলের সময়সীমা অনধিক ১০ দিন বৃদ্ধি করিতে পারিবে।

৮। ভৌতসেবার পরিমাণগত হিসাব সংবলিত বিবরণ (Activity Schedule) অনুযায়ী কোটেশন দাখিল করিতে হইবে।

৯। কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হইতে ন্যূনতম ৩০ (ত্রিশ) দিনের জন্য সকল কোটেশন অবশ্যই বৈধ থাকিবে।

১০। দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশন প্রকাশ্যে উন্মুক্ত করা হইবে না।

১১। যদি চুক্তি সম্পাদন করা হয়, তাহা হইলে দরপত্রদাতার উদ্ধৃত দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সবধরনের কর, শুল্ক, ফি, লেভি এবং বিদ্যমান আইনের অধীন পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকিবে।

১৩। উদ্ধৃত দর টাকায় উল্লেখ করিতে হইবে এবং এই চুক্তির অধীন পরবর্তী সময়ে মূল্য পরিশোধও টাকায় করিতে হইবে। দরপত্রদাতার প্রস্তাবিত মূল্য চুক্তিকালীন স্থির অঙ্কে থাকিবে।



CamScanner

১৪। দরপত্রদাতার চুক্তি করিবার আইনগত সক্ষমতা থাকিতে হইবে। দরপত্রদাতার যোগ্যতার প্রমাণস্বরূপ বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন (TIN) নম্বর, ভ্যাট নিবন্ধন নম্বর এবং কোনো তফসিলি ব্যাংক হইতে আর্থিক সচ্ছলতার সনদসংক্রান্ত হালনাগাদ দলিলপত্রের সত্যায়িত অনুলিপি দাখিল করিতে হইবে। এইগুলি ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলিয়া বিবেচিত হইতে পারে।

১৫। প্রস্তাবিত মাইক্রোবাসের রেজিস্ট্রেশন নাম্বার, রেজিস্ট্রেশন বছর/ মডেল ইত্যাদি উল্লেখ করতে হবে এবং এর স্বপক্ষে রেজিস্ট্রেশন, ট্যাক্স টোকেন, রোড ফিটনেস পারমিট- এর হালনাগাদ কাগজপত্রাদি দাখিল করতে হবে।

১৬। মূল্যায়ন কমিটি কোটেশনের সহিত দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের উপর ভিত্তি করিয়া কোটেশন মূল্যায়ন করিবে এবং চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩ (তিন) টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হইবে।

১৭। উদ্ধৃত একক দর বা মূল্য এবং উদ্ধৃত মোট মূল্যের মধ্যে অসংগতি থাকিলে একক দর বা মূল্য প্রাধান্য পাইবে। কথায় ও সংখ্যার মধ্যে অসংগতির ক্ষেত্রে, কথায় লিখিত দর বা মূল্য প্রাধান্য পাইবে। মূল্যায়ন কমিটি কর্তৃক গাণিতিক সংশোধনের ক্ষেত্রে, দরপত্রদাতা গাণিতিক সংশোধন গ্রহণে বাধ্য থাকিবে।

১৮। ভৌতসেবা প্রদান ০১/১০/২০২৫খ্রি. তারিখ হইতে ১৫/০৩/২০২৬খ্রি. তারিখ পর্যন্ত। তবে, কোম্পানির পরিবহণ ব্যবস্থাপনা বিভাগ অথবা উপব্যবস্থাপনা পরিচালক - নারায়ণগঞ্জ কার্যালয় হতে আঞ্চলিক কন্সট্রাকশন বিভাগ- নারায়ণগঞ্জ এর আওতাধীন পাইপলাইন এন্ড স্টেশন কন্সট্রাকশন শাখার জন্য কোন গাড়ী বরাদ্দ করিলে, বরাদ্দ তারিখের পুর্বদিন হইতে উক্ত কার্যাদেশ বাতিল করা হইবে।

১৯। ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয়কার্যক্রম বাতিল করিবার অধিকার সংরক্ষণ করে।

কোটেশন আহবানকারী কমকর্তার স্বাক্ষর

নাম : প্রকৌ. মো. সাইফুল ইসলাম

পদবি : উপমহাব্যবস্থাপক, আঞ্চলিক কন্সট্রাকশন বিভাগ-নারায়ণগঞ্জ

তারিখ : ১১/০৯/২০২৫ খ্রি.

ঠিকানা : তিতাস গ্যাস টি এন্ড ডি পিএলসি, উপব্যবস্থাপনা পরিচালক-নারায়ণগঞ্জ কার্যালয়, ২০৮/১৭, ভাষা সৈনিক রোড, চাষাড়া, নারায়ণগঞ্জ।

বিতরণ:

১. [অন্যান্য ক্রয়কারী সংস্থার প্রশাসনিক বিভাগ/ শাখা]-এর জ্ঞাতার্থে এবং বহুল প্রচারের জন্য।
২. উপমহাব্যবস্থাপক, আইসিটি ডেভেলপমেন্ট বিভাগ এর অবগতি ও কোম্পানির ওয়েবসাইট www.titasgas.gov.bd এ প্রচার ও আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
৩. নোটিশ বোর্ড।
৪. দাপ্তরিক নথি।



CamScanner